

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সিলেট বিভাগ, সিলেট।  
ddsyl@fireservice.gov.bd

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উদযাপন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১০০% বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে অধীনস্থ কার্যালয় সমূহের সাথে ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত মত বিনিময় সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ মনিরুজ্জামান  
উপ পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।  
সভার তারিখ ও সময় : ২৮/১২/২০২৪ খ্রিঃ ও ১১:০০ ঘটিকা।  
স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।  
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় শেষে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উদযাপন এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১০০% বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উদযাপন	অধিদপ্তরের গাইড লাইন যথাযথ বাস্তবায়ন পূর্বক এবং স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ সমন্বয় সাধন করে নির্বাচনে ডিউটির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার
২	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	অধিদপ্তর কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যথাসময়ে সূচকের মান লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করে প্রতিবেদনের সময় দাখিল করতে হবে।	সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার
৩	গাড়ী/পাম্প ও সাজ-সরঞ্জাম রক্ষণাবেক্ষণ	দপ্তর/ফায়ার স্টেশনের সকল গাড়ী/পাম্প ও সাজ-সরঞ্জাম (প্রকল্পের গাড়ী/পাম্পসহ) সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। নিয়মিত রোড টেস্ট ও ওয়েট টেস্ট করে সচল রাখতে হবে।	উপসহকারী পরিচালক ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার
৪	বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন/নবায়ন	বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন/নবায়ন করে হালনাগাদ করতে হবে। কোন ধরনের সমস্যা থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে সমস্যা সমাধান করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মনিরুজ্জামান  
উপ পরিচালক  
ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫-

তারিখঃ পৌষ' ১৪৩০  
২৮ ডিসেম্বর' ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ২। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৩। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
- ৪। ওয়ার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১/২/৩/৪/৫/৬।
- ৫। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..... (সকল)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।



মোঃ মনিরুজ্জামান

উপ পরিচালক

ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।